তালিকা নং-০৩

# ঙ) শিশু নিরাপত্তা বীমা (লাভসহ)

## Child Protection Policy (With Profits)

এ পরিকল্পের অধীনে শিশুর জন্য বহুমুখী নিরাপত্তা প্রদান করা হয়। এই বীমা পরিকল্প যুগ্ম ভাবে প্রিমিয়াম দাতা ও শিশুর জীবনের উপর দেয়া হয়। সাধারণতঃ শিশুর পিতা এই পরিকল্পে প্রিমিয়াম দাতা বলে বিবেচিত হয়। পিতা জীবিত না থাকলে অথবা তিনি বীমা গ্রহণের অযোগ্য বলে বিবেচিত হলে শিশুর মাতা প্রিমিয়াম দাতা হতে পারেন। শিশুর মাতাকে সেক্ষেত্রে অবশ্যই শিক্ষিত (এসএসসি/সমমান) ও কর্মজীবি হতে হবে। পিতা-মাতা ভিন্ন অন্য কেউ এই পরিকল্পে প্রিমিয়াম দাতা হতে পারেন না।

### এই বীমার বৈশিষ্ট্যসমূহ ঃ

- শিশুর প্রিমিয়াম দাতার (বাবা) বয়স ঃ সর্বনিম্ন ২১ বছর ও সর্বোচ্চ ৫৫ বছর
- শিশুর সর্বনিম্ন প্রবেশকালীন বয়স ঃ ৬ মাস
- শিশুর সর্বোচ্চ প্রবেশকালীন বয়স ঃ ১৮ বছর
- প্রিমিয়াম দাতার সর্বোচ্চ মেয়াদ পূর্তিকালীন বয়স ঃ ৭০ বছর
- শিশুর সর্বোচ্চ মেয়াদ পূর্তিকালীন বয়স ঃ ৩০ বছর
- বীমার মেয়াদ ঃ ১০ থেকে ২৯ বছর
- সর্বনিম্ন বীমা অংক ঃ ৩০ হাজার টাকা
- সর্বোচ্চ বীমা অংক ঃ অবলিখন ও পূণঃবীমা কর্তৃক গ্রহণযোগ্য ৩০ হাজার টাকার উর্ধ্বে যে কোন বীমা অংক
- প্রিমিয়াম প্রদানের পদ্ধতি ঃ ষান্মাষিক ও বার্ষিক
- সহযোগী বীমা ঃ এ বীমার সাথে অতিরিক্ত বীমা (Supplementary) হিসেবে সহযোগী বীমা নেয়া যাবে না।

### এই বীমার সুবিধাসমূহ ঃ

১। মেয়াদ শেষে অর্জিত বোনাসসহ সম্পূর্ণ বীমা অংক প্রদান করা হয়।

২। মেয়াদ পূর্তির পূর্বে প্রিমিয়াম দাতার মৃত্যু হলে মৃত্যুর দিন থেকে মেয়াদ পূর্তি পর্যন্ত দেয় প্রিমিয়াম মওকুফ হয়ে যায় এবং শিশুকে নিম্নোক্ত সুবিধা দেয়া হয়। যথা ঃ

- প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য বার্ষিক ১০০ টাকা হারে প্রিমিয়াম দাতার মৃত্যুকাল থেকে শুরু করে মেয়াদ পূর্তি পর্যন্ত অথবা মেয়াদ পূর্তির পূর্বে শিশুর মৃত্যু হলে শিশুর মৃত্যুর দিন পর্যন্ত দেয়া হয়।

৩। মেয়াদ পূর্তির পূর্বে ১ম, ২য়, ৩য়, ৪র্থ বর্ষের মধ্যে অথবা তদুর্ধ বর্ষে শিশুর মৃত্যুতে যথাক্রমে বীমা অংকের ২০%, ৪০%, ৬০%, ৮০% এবং ১০০% ও অর্জিত বোনাস প্রিমিয়াম দাতাকে দেয়া হয়।

৪। এ বীমার প্রিমিয়াম আয়কর মুক্ত।

## প্রতি হাজার টাকার বীমার জন্য বার্ষিক প্রিমিয়ামের হার নিম্নরূপ ঃ

| নিকটতম জন্মদিনে শিশুর বয়স | বীমার মেয়াদ (বছর) | নিকটতম জন্মদিনে প্রিমিয়াম দাতার বয়স | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২৫ বছর | ৩০ বছর | ৩৫ বছর | ৪০ বছর | ৪৫ বছর | ৫০ বছর | ৫৫ বছর |
| ০ - ১ | ২৯ | ৪০.২১ | ৪২.৭৪ | ৪৭.৬৯ | ৫৬.৫৯ | | | |
| ১ - ২ | ২৮ | ৪১.৩৮ | ৪৩.৬৯ | ৪৮.২৬ | ৫৬.৫৮ | | | |
| ১ - ৩ | ২৭ | ৪২.৬৮ | ৪৪.৭৬ | ৪৮.৯৮ | ৫৬.৭১ | | | |
| ১ - ৪ | ২৬ | ৪৪.১৩ | ৪৫.৯৮ | ৪৯.৮৩ | ৫৬.৯৮ | | | |
| ১ - ৫ | ২৫ | ৪৫.৬৯ | ৪৭.৩২ | ৫০.৭৯ | ৫৭.৩৬ | | | |
| ১ - ৬ | ২৪ | ৪৭.৫২ | ৪৮.২০ | ৫২.২২ | ৫৮.৩৬ | ৬৯.০৩ | | |
| ১ - ৭ | ২৩ | ৪৯.৫৩ | ৫০.৮৬ | ৫৩.৮১ | ৫৯.৫৩ | ৬৯.৫৩ | | |
| ১ - ৮ | ২২ | ৫১.৭৪ | ৫২.৯১ | ৫৫.৬০ | ৬০.৯০ | ৭০.২৩ | | |
| ১ - ৯ | ২১ | ৫৪.২০ | ৫৫.২২ | ৫৭.৬৫ | ৬২.৫২ | ৭১.১৮ | | |
| ১-১০ | ২০ | ৫৬.৯৪ | ৫৭.৮২ | ৫৯.৯৮ | ৬৪.৪৩ | ৭২.৪২ | ৮৫.৬৪ | |
| ১-১১ | ১৯ | ৫৯.৮২ | ৬০.৬০ | ৬২.৫৬ | ৬৬.৬৬ | ৭৪.০৭ | ৮৬.৩৭ | |
| ১-১২ | ১৮ | ৬৩.০৪ | ৬৩.৭১ | ৬৫.৪৭ | ৬৯.২২ | ৭৬.০৬ | ৮৭.৪৩ | |
| ১-১৩ | ১৭ | ৬৬.৬৪ | ৬৭.২২ | ৬৮.৭৭ | ৭২.১৬ | ৭৮.৪৩ | ৮৮.৮৮ | |
| ১-১৪ | ১৬ | ৭০.৭০ | ৭১.১৮ | ৭২.৫২ | ৭৫.৫৭ | ৮১.২৭ | ৯০.৭৮ | |
| ১-১৫ | ১৫ | ৭৫.৩১ | ৭৫.৭০ | ৭৬.৮৪ | ৭৯.৫৩ | ৮৪.৬৫ | ৯৩.২৫ | ১০৭.১৫ |
| ১-১৬ | ১৪ | ৮০.৭৩ | ৮১.০৭ | ৮২.০৯ | ৮৪.৫৩ | ৮৯.২৬ | ৯৭.২১ | ১১০.০৬ |
| ১-১৭ | ১৩ | ৮৬.৯৭ | ৮৭.২৬ | ৮৮.১৬ | ৯০.৩৭ | ৯৪.৬৯ | ১০১.৯৯ | ১১৩.৭ ৯ |
| ১-১৮ | ১২ | ৯৪.২৫ | ৯৪.৪৯ | ৯৫.২৭ | ৯৭.২৪ | ১০১.১৬ | ১০৭.৮২ | ১১৮.৫৬ |
| ১-১৮ | ১১ | ১০২.৮৪ | ১০৩.০৪ | ১০৩.৬৯ | ১০৫.৪২ | ১০৮.৯৪ | ১১৪.৯৫ | ১২৪.৬৪ |
| ১-১৮ | ১০ | ১১৩.১৪ | ১১৩.২৯ | ১১৩.৮৩ | ১১৫.৩১ | ১১৮.৪৩ | ১২৩.৮০ | ১৩২.৪৪ |

**টিকা ঃ** মাসিক, ত্রৈমাসিক কিস্তি গ্রহণযোগ্য নয়, ষান্মাষিক পদ্ধতি প্রিমিয়ামের ক্ষেত্রে ৩% অতিরিক্ত প্রিমিয়াম ধরা হবে। এই বীমার উপরে দেয় প্রিমিয়াম আয়করমুক্ত।

* এই তালিকায় সর্ব নিম্ন বীমার অংক টা ঃ ৩০,০০০ (ত্রিশ হাজার)

* বীমা অংক এক লক্ষ বা তার নীচে হলে উপরোক্ত প্রিমিয়াম রেটের সাথে এক টাকা যোগ করতে হবে।